

## শেখ রাসেলকে নিয়ে নির্মিত হচ্ছে টেলিছবি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছোট ছেলে শেখ রাসেলকে নিয়ে নির্মিত হচ্ছে টেলিছবি। ‘আমি মায়ের কাছে যাবো’ শিরোনামের এই টেলিছবি নির্মাণ করছেন নাট্যকার সহিদ রাহমান। টেলিছবি-তে শেখ রাসেল চরিত্রে অভিনয় করছে শিশুশিল্পী দিহান, বঙ্গমাতা চরিত্রের জ্যোতিকা জ্যোতি, শেখ কামাল চরিত্রের অভিনেতা ক্রিশ্চিয়ানো তন্ময়। ‘মহামানবের দেশে’ উপন্যাস অবলম্বনে নির্মিত হবে এই টেলিছবি।

## এক যুগ পর বেতারে গাইলেন রুনা লায়লা

প্রখ্যাত সংগীতশিল্পী রুনা লায়লা শেষ কবে বাংলাদেশ বেতারের জন্য গান গেয়েছেন তা তার মনে নেই। উপমহাদেশের প্রখ্যাত সংগীতশিল্পী রুনা লায়লা এটুকু জানেন ১২ থেকে ১৪ বছরের কম হবে না। বাংলাদেশ বেতারের জন্য নতুন গানে কণ্ঠ দিয়েছেন তিনি। ‘ও বৃষ্টি তুমি’ শিরোনামের গানটিতে কণ্ঠ দেন তিনি। সুমন সরদারের লেখা গানটির সুর করেছেন সাদেক আলী।





## প্রথমবার মিস ইউনিভার্স প্রতিযোগিতায় সৌদি নারী!

বিশ্বসুন্দরী নির্বাচনে অন্যতম বড় প্রতিযোগিতা মিস ইউনিভার্সে প্রথমবারের মতো নাম লেখাতে যাচ্ছে সৌদি আরব। এর অংশ হিসেবে এবারের মিস ইউনিভার্সের আসরে অংশ নিচ্ছেন সৌদি সুন্দরী রুমি আলকাহতানি। আলকাহতানির বয়স ২৭ বছর। পেশায় মডেল তিনি। অনলাইন ইনফ্লুয়েন্সার হিসেবেও খ্যাতি রয়েছে তার। ইনস্টাগ্রামে ভেরিফায়েড অ্যাকাউন্টে আলকাহতানির ১০ লাখ অনুসারী রয়েছে।

## সিনেমায় অনিমেষের প্রথম গান

ইউটিউবে হাজং ভাষার গান গেয়ে সংগীতে পরিচিতি শুরু অনিমেষ রায়ের। এরপর আইপিডিসি আমাদের গান হয়ে কোক স্টুডিও বাংলায় ‘নাসেক নাসেক’ দিয়ে আলোচনায় চলে আসেন। মৌলিক গানের পাশাপাশি সিনেমার গানেও কণ্ঠ দিয়েছেন তিনি। সম্প্রতি পশ্চিমবঙ্গের ‘ও অভাগী’ সিনেমার টাইটেল গান গেয়েছেন অনিমেষ রায়। প্রকাশের দিক থেকে এটিই অনিমেষের প্রথম প্লেব্যাক। অনির্বাণ চক্রবর্তীর লেখা গানটির সংগীতায়োজন করেছেন মৌসুমি চট্টোপাধ্যায়।





## মামুনুর রশীদের সঙ্গে অভিনয়ে চঞ্চলপুত্র

মাত্র স্কুলে ভর্তি হয়েছেন গুণী অভিনেতা মামুনুর রশীদ। নাতির হাত ধরে যাচ্ছেন স্কুলে। তার নাতিও আর কেউ না, সে জনপ্রিয় অভিনেতা চঞ্চল চৌধুরীর পুত্র শৈশব রোদ্দুর শুদ্ধ। দুজন একসঙ্গে স্কুল যাচ্ছেন, ক্লাস করছেন এবং ফিরেও আসছেন। এমন ঘটনা ঘটেছে নাটকে। ঈদের জন্য পরিচালক এজাজ মুন্না নির্মাণ করছেন নাটক 'ইতি তোমার আমি'। নাটকটি রচনা করেছেন বরেণ্য নাট্যকার বৃন্দাবন দাস। এই নাটকে শুদ্ধর দাদার চরিত্রে অভিনয় করেছেন মামুনুর রশীদ।

## আশা ভোঁসলের নাতনি অভিনয়ে




সুরসম্রাজ্ঞী আশা ভোঁসলের নাতনি জানাই ভোঁসলে বলিউডে অভিষেক করতে চলেছেন। সন্দীপ সিং পরিচালিত 'দ্য প্রাইড অব ভারত: ছত্রপতি শিবাজী মহারাজ' সিনেমার মাধ্যমে অভিনেত্রী হিসেবে আত্মপ্রকাশ করবেন জানাই ভোঁসলে। নাতনির এ খবরটি নিজেই সোশ্যাল মিডিয়ায় জানান বর্ষীয়ান গায়িকা আশা ভোঁসলে। সিনেমায় ছত্রপতি শিবাজী মহারাজের শত্রু রানি সাই বাইয়ের চরিত্রে অভিনয় করবেন জানাই ভোঁসলে।




## জেলজীবন নিয়ে বই লিখছেন পরীমনি

২০২১ সালের ৪ আগস্ট পরীমনির বনানীর ভাড়া বাসায় অভিযান চালায় র‍্যাব। বিদেশি মদ ও মাদকসহ গ্রেপ্তার করা হয় তাকে। সে সময় ২৭ দিন গাজীপুরের কাশিমপুর কারাগারে বন্দি ছিলেন আলোচিত-সমালোচিত এই নায়িকা। সেই ২৭ দিনের জেলজীবনের অভিজ্ঞতাই এবার বইয়ের পাতায় তুলে ধরছেন এক পুত্রসন্তানের জননী পরীমনি। আগামী বছরের একুশে বইমেলায় হয়তো নিজের জেলজীবনের অভিজ্ঞতা নিয়ে লেখা বইটি প্রকাশ করবেন নায়িকা।

## জিনাত আমানের বায়োপিক হচ্ছে





বলিউডের ফ্যাশন আইকন বলে খ্যাতি পাওয়া বর্ষীয়ান অভিনেত্রী জিনাত আমান। হিন্দি সিনেমার উজ্জ্বল এই তারকার পদচারণে বলিউডে এসেছে অনেক পরিবর্তন। এই অভিনেত্রীর বায়োপিক নির্মাণ করতে যাচ্ছেন ভারতের খ্যাতিমান পরিচালক রাজীব চৌধুরী। ছবির নাম রাখা হয়েছে 'শক: দ্য ডাউট'। পরিচালক এই ছবির মাধ্যমে জিনাতের জীবনের নানা অকথিত অধ্যায় তুলে ধরবেন বলে জানা গেছে। বায়োপিকে জিনাতের ভূমিকায় দেখা যাবে বাঙালি অভিনেত্রী পায়েল ঘোষকে।

## ৮ বছর পর বড় পর্দায় নাবিলা

আয়নাবাজি সিনেমা দিয়েই তুমুল জনপ্রিয়তা পেয়েছিলেন মাসুমা রহমান নাবিলা। এরপর এদেশের দর্শক মনে করেছিল নাবিলাকে পর্দায় দেখা যাবে নিয়মিত। কিন্তু নিয়মের ব্যত্যয় ঘটান এই অভিনেত্রী। তাকে আর দেখা যায়নি। ২০১৬ সালে প্রথম চলচ্চিত্র আয়নাবাজিতে অভিনয়ের প্রায় ৮ বছর পর আবার চলচ্চিত্রে অভিনয় করতে দেখা যাবে তাকে।






## ইত্যাদিতে দুই ভাই প্রতীক-প্রীতম

এবারের ঈদের বিশেষ ইত্যাদিতে ফোক ও আধুনিক এই দুই ধারার সমন্বয়ে তৈরি একটি গানে কণ্ঠ দিয়েছেন প্রয়াত সংগীতশিল্পী খালিদ হাসান মিলুর দুই সন্তান প্রতীক হাসান ও প্রীতম হাসান। গানটির ফোক অংশে ইত্যাদিতেই গাওয়া খালিদ হাসান মিলুর সে সময়ের তুমুল জনপ্রিয় একটি গানের কিছুটা ছোঁয়া রয়েছে। এবারের গানটির কথা লিখেছেন কবির বকুল। সুর ও সংগীতায়োজন করেছেন প্রীতম হাসান। গানটিতে দুই ভাইয়ের সঙ্গে অংশ নিয়েছেন ৮ জন তরুণ বিট বক্সার।

## তুফান সিনেমায় দুই ভারতীয় অভিনয়শিল্পী

শাকিব খানকে নিয়ে প্রথমবারের মতো সিনেমা নির্মাণ করছেন রায়হান রাফি। ইতোমধ্যে কাস্টিং নিয়ে ব্যাপক চকম দেখা যাচ্ছে। 'তুফান' সিনেমায় খলচরিত্রে দেখা যাবে যীশু সেনগুপ্তকে। সিনেমায় শাকিবের নায়িকা কলকাতার মিমি চক্রবর্তী। বর্তমানে ভারতে চলছে শাকিব-মিমির শুটিং।





## 'হইচই' এর নতুন ছয় সিরিজ

নতুন ছয় সিরিজের ঘোষণা দিয়েছে হইচই যা বাংলাদেশের পাঁচ নির্মাতা নির্মাণ করছেন। সিরিজগুলো নির্মাণ করছেন অমিতাভ রেজা চৌধুরী, শিহাব শাহীন, আশফাক নিপুন, অনম বিশ্বাস ও ভিকি জাহেদ। জয়া আহসানকে নিয়ে 'জিম্মি' নির্মাণ করছেন নির্মাতা আশফাক নিপুন। চঞ্চল চৌধুরীকে নিয়ে 'রুমি' নির্মাণ করছেন তরুণ নির্মাতা ভিকি জাহেদ। ভিকি জাহেদের আরেক সিরিজ 'মিথ্যাবাদী'তে থাকছেন মেহজাবীন চৌধুরী। 'বোহেমিয়ান ঘোড়া' সিরিজে পাওয়া যাবে মোশাররফ করিমকে। সিরিজটি নির্মাণ করছেন অমিতাভ রেজা চৌধুরী। 'বুকের মধ্যে আগুন' সিরিজে গোলাম মামুন চরিত্রের স্পিন অফ সিরিজ নির্মাণ করবেন শিহান শাহীন। গোলাম মামুন চরিত্রে রয়েছেন জিয়াউল ফারুক অপূর্ব। পরীমনিকে নিয়ে 'রঙিলা কিতাব' নির্মাণ করবেন অনম বিশ্বাস।

## ঢাকায় আসছেন জাভেদ আলী

দুই বছর আগে জাভেদ আলীর কণ্ঠে 'শ্রীভাল্লি' গানটি দুনিয়াজুড়ে দারুণ সমাদৃত হয়। তেলুগু সিনেমা 'পুষ্পা: দ্য রাইজ'-এর গান এটি। এই গানের মাধ্যমে নতুন করে আলোচনার কেন্দ্রে আসেন ভারতের অত্যন্ত গুণী ও সফল শিল্পী নাম জাভেদ আলী। ২৬ এপ্রিল পূর্বাচলে ঢাকা এরিনায় গাইবেন জাভেদ আলী। 'আরবান নাইট উইথ থ্রি নেশনস' শীর্ষক এই কনসার্টের মূল চমক তিনি।



## বাংলাদেশে আসছেন আতিফ আসলাম

১৮ ও ১৯ এপ্রিল 'লেটস ভাইব আর্ট অ্যান্ড মিউজিক ফেস্টিভ্যাল' হচ্ছে বসুন্ধরা কিংস এরিনাতে। দুইদিন ব্যাপী এই আয়োজনের শেষদিন মঞ্চ মাতাবেন আতিফ আসলাম। ২০১৩ সালে বিপিএলের উদ্বোধনী অনুষ্ঠানে পারফর্ম করতে ঢাকায় এসেছিলেন বলিউডের জনপ্রিয় এই সংগীতশিল্পী। তারপর ২০১৬ সালে 'রিদম ফর অল উইথ আতিফ আসলাম নাইট লাইভ ইন ঢাকা' শীর্ষক কনসার্টে পারফর্ম করেছিলেন আতিফ আসলাম।

